

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৩৭.০১১.০১.০০.০০.০০১.২০১৪-

২৬৩০

তারিখঃ ১০/১১/২০১৫ খ্রিস্টাব্দ
২৬/০৭/১৪২২ বঙ্গাব্দ

বিষয়ঃ জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ প্রকল্প, শ্যামলী, ঢাকা কার্যালয়ে ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

- সূত্রঃ (১) জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ প্রকল্প, শ্যামলী, ঢাকা কার্যালয়ের স্মারক নং-এনটিবিসিপি/২০১৫/৫৫৮, তারিখঃ ২৮/১০/২০১৫খ্রিঃ।
(২) জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ প্রকল্প, শ্যামলী, ঢাকা কার্যালয়ের স্মারক নং-এনটিবিসিপি/২০১৫/৪৫৮, তারিখঃ ০৬/০৯/২০১৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬. ০২২.০০. ০০. ০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) সংখ্যক পরিপত্রের নির্দেশনা/শর্ত প্রচলিত সকল বিধি বিধান অনুসরণপূর্বক জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ প্রকল্প, শ্যামলী, ঢাকা কার্যালয়ে সরাসরি নিয়োগযোগ্য ৩য় ও ৪র্থ শ্রেণির মোট ০৬টি পদের মধ্যে ল্যাভঃ এটেনডেন্ট পদটি পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য হওয়ায় এ পদটি বাদ দিয়ে অবশিষ্ট ০৫টি পদে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হল ও নিয়োগের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	পদের নাম	মঞ্জুরিকৃত পদের সংখ্যা	পূরণকৃত পদের সংখ্যা	প্রস্তাবিত পদের সংখ্যা	ছাড়কৃত পদের সংখ্যা	১০% হারে সংরক্ষিত/ ছাড়পত্র না দেয়ার কারণ
জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ প্রকল্প, শ্যামলী, ঢাকা।	১	স্টোর কিপার	০১(এক)টি	০	০১(এক)টি	০১(এক)টি	
	২	দপ্তরী	০৩(তিন)টি	০২(দুই)টি	০১(এক)টি	০১(এক)টি	
	৩	এমএলএসএস (অফিস সহায়ক)	০৫(পাঁচ)টি	০৪(চার)টি	০১(এক)টি	০১(এক)টি	
	৪	আয়া	০৩(তিন)টি	০২(দুই)টি	০১(এক)টি	০১(এক)টি	
	৫	সুইপার	০৩(তিন)টি	০২(দুই)টি	০১(এক)টি	০১(এক)টি	
	৬	ল্যাভঃ এটেনডেন্ট	০২(দুই)টি	০১(এক)টি	০১(এক)টি	০০	পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য
						০৫(পাঁচ)টি	

শর্তাবলী:

- সকল আনুষ্ঠানিকতা পালনসহ নিয়োগবিধি ও প্রচলিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- অস্থায়ী পদসমূহ (যদি থাকে) হালনাগাদ সংরক্ষণ করতে হবে;
- পদোন্নতিযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;
- জনবল নিয়োগের ১৫ কার্য দিবসের মধ্যে মন্ত্রণালয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে;
- প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদে সংখ্যায় কোন গরমিল/তারতম্য হলে সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং তথ্য প্রদানকারী কর্মকর্তার দায়ী থাকবেন।

(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)
উপসচিব (প্রশা-১)
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd

উপ-পরিচালক ও প্রকল্প পরিচালক
২৫০ শয্যা বিশিষ্ট টিবি হাসপাতাল
জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ প্রকল্প
শ্যামলী, ঢাকা।

অনুলিপিঃ

- মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- যুগ্ম সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।